

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস্ বন্ড কমিশনারেট ঢাকা (দক্ষিণ) ঢাকা
৩৪২/১, সেশন বাগিচা, ঢাকা।
www.cbc.gov.bd

নথি নং- ৫(১৩)৩৪৮/কাস-বন্ড/লাই:/২০০৪/পার্ট-০৫/২০২৩/২০৮২০

তারিখ: ৩০/১১/২০২৩ খ্রি:

বিষয়: আর্ন্তজাতিক দরপত্রের মাধ্যমে ও বৈদেশিক মুদ্রায় মূল্য পরিশোধযোগ্য স্থানীয় সরবরাহের আদেশের বিপরীতে আমদানিকৃত অতিরিক্ত কাঁচামাল জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনার আলোকে বন্ড সুবিধায় খালাস প্রদান প্রসঙ্গে।


- সূত্র: ১। জাতীয় রাজস্ব বোর্ডের স্থায়ী আদেশ নং-৩০/২০১৫/শঙ্ক/৩৭৫, তারিখ: ০৮-০৪-২০১৫ খ্রি:
২। নথি নং- ৫(১৩)৩৪৮/কাস-বন্ড/লাই:/২০০৪/পার্ট-০৫/২০২১/১২৮০০, তারিখ: ২১/১০/২০২১ খ্রি:
৩। প্রতিষ্ঠান কর্তৃপক্ষের আবেদন, তারিখ: ১৯-১০-২০২২ খ্রি:

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

- ০২। মেসার্স আনন্দ শিপইয়ার্ড এন্ড প্রিপওয়েজ লিঃ, মেঘনাঘাট, সোনারগাঁও, নারায়ণগঞ্জ, শতভাগ রপ্তানীমুখী জাহাজ নির্মাণকারী প্রতিষ্ঠান। যার বন্ড লাইসেন্স নং-২৫৯/কাস-পিবিডব্লিউ/২০০৫, তারিখ: ২২.০২.২০০৫ খ্রি: ও মূসক নিবন্ধন নং- ০০১২২৫৮৫২-০৩০৪। আলোচ্য প্রতিষ্ঠানটি আর্ন্তজাতিক দরপত্রের মাধ্যমে ও বৈদেশিক মুদ্রায় মূল্য পরিশোধযোগ্য স্থানীয় সরবরাহের আদেশের বিপরীতে বন্ড সুবিধায় কাঁচামাল আমদানির মাধ্যমে পণ্য উৎপাদন পূর্বক সরবরাহ করে থাকে। প্রতিষ্ঠানটি বর্তমানে আর্ন্তজাতিক দরপত্রের মাধ্যমে কার্যাদেশ প্রাপ্ত হয়ে সরকারী অধিকার ভিত্তিক জনগুরুত্বপূর্ণ প্রকল্প “Procurement of Inspection Vessel Including Supply of Necessary Equipment, Accessories” শীর্ষক প্রকল্পের আওতায় বাংলাদেশ অভ্যন্তরীণ গৌ-পরিবহন কর্তৃপক্ষকে সরবরাহের উদ্দেশ্যে ১টি (একটি) জাহাজ নির্মাণ ও সরবরাহের নিমিত্তে Mamo No. 18.11.0000.181.14.162.20.105, তারিখ: ১৭/১২/২০২০ খ্রি: এর মাধ্যমে চুক্তিবদ্ধ হয়েছে। প্রকল্পটি আর্ন্তজাতিক দরপত্রের মাধ্যমে ও বৈদেশিক মুদ্রায় মূল্য পরিশোধযোগ্য স্থানীয় সরবরাহ আদেশের বিপরীতে বিধায় জাতীয় রাজস্ব বোর্ড এর এর এস.আর.ও নং-৩০/২০১৫/শঙ্ক/৩৭৫, তারিখ: ০৮ এপ্রিল, ২০১৫ খ্রি: এর মাধ্যমে বন্ড সুবিধা প্রাপ্ত জাহাজ/ড্রেজার নির্মাণকারী শিল্প প্রতিষ্ঠানসমূহকে প্রকল্প ভিত্তিক অতিরিক্ত কাঁচামাল আমদানির অনুমতি প্রদানের ভিত্তিতে বন্ডার কর্তৃক বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ন্যাভাল আর্কিটেক্চিস্ এন্ড মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগ অর্থ্যাৎ (BUET) বুয়েট কর্তৃক সহগ ও International Classification Society অর্থ্যাৎ Bureau Veritas (BV) কর্তৃক আমদানিতব্য অতিরিক্ত কাঁচামাল সমূহের বর্ণনা ও Specification সহ অত্র দপ্তরে বন্ড সুবিধার কাঁচামাল আমদানি করার অনুমতি প্রার্থনা করে।
- ০৩। প্রতিষ্ঠান কর্তৃপক্ষের আবেদনের প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনার আলোকে বন্ড সুবিধার খালাস প্রদানের লক্ষ্যে আনদানিতব্য অতিরিক্ত কাঁচামালের তালিকা এক সংঙ্গে সংযুক্ত করে পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্ত : বর্ণনামতে ০২ (দুই) পাতা।

প্রাপকঃ কমিশনার
কাস্টম হাউজ, চট্টগ্রাম।


[দ্বৈপায়ন চাকমা]
উপ-কমিশনার
কমিশনারের পক্ষে

নথি নং- ৫(১৩)৩৪৮/কাস-বন্ড/লাই:/২০০৪/পার্ট-০৫/২০২৩/২০৮২০ (১-৮)


তারিখ: ৩০/১১/২০২৩ খ্রি:

অনুলিপি অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১-০৬। কমিশনার, কাস্টম হাউজ, ঢাকা/বেনাপোল/মোংলা/পানগাঁও, কেরানীগঞ্জ/আইসিডি, কমলাপুর, ঢাকা।

০৭। সিস্টেম এনালিস্ট, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (তাকে বিষয়টি এ দপ্তরে সিস্টেমে ধারণ করার জন্য বলা হলো)।

০৮। পিএ টু কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (কমিশনার মহোদয়ের দসয় অবগতির জন্য)।


[দ্বৈপায়ন চাকমা]
উপ-কমিশনার
কমিশনারের পক্ষে

